

সিরো সাদোসিমার চিত্রকর্ম প্রদর্শনী

আপডেট: ০২:২০, মার্চ ০৩, ২০১৫ | প্রিন্ট সংস্করণ



কূটনৈতিক পরিচয়ের বাইরে ঢাকার জাপানের রাষ্ট্রদূত সিরো সাদোসিমার আরেক পরিচয় আছে—চিত্রশিল্পী। বাংলাদেশের মাটি ও মানুষের প্রতি রয়েছে তাঁর বিশেষ ভালোবাসা। সেই আবেগের প্রকাশ ঘটেছে সাদোসিমার চিত্রপটে। রংতুলির ছোঁয়ায় ঝুঁকছেন এ দেশের মানুষের জীবনধারা। অভিজ্ঞতা ও স্মৃতির বয়ান মেলে ধরেছেন নিজের ছবিতে। আর এমন ২৩টি চিত্রকর্ম নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে শুরু হলো শিল্পীর চিত্রকর্ম প্রদর্শনী। শিরোনাম ‘দ্য রিমেমবারেন্স অব আ কান্ডি: ফুল অব কালারস, ফুল অব শেডস’। আয়োজন করেছে চারুকলা অনুষদের অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ।

সোমবার সন্ধ্যায় প্রদর্শনীর উদ্বোধন করা হয়। প্রদর্শনীর উদ্বোধন করেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। এ সময় উপস্থিত ছিলেন চারুকলা অনুষদের ডিন চিত্রশিল্পী নিসার হোসেন। নিজের ছবি নিয়ে কথা বলেন সিরো সাদোসিমা। ছয় দিনব্যাপী এ প্রদর্শনী চলবে ৭ মার্চ পর্যন্ত।